

**বিষয়ঃ উপজেলা আইসিটি কমিটির মে/২০২৪ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি                    জনাব এ কে এম শরীফুল হক  
 উপজেলা নির্বাহী অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর

সভার তারিখ            ৩০ মে ২০২৪খ্রি.

সভার সময়            ১০:৩০ ঘটিকা

স্থান                        উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ, চিরিরবন্দর, দিনাজপুর


উপস্থিতি                পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতেই উপজেলা আইসিটি কমিটির সম্মানিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানান। সভাপতি উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মোঃ মাইদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর কে সভা সঞ্চালনার দায়িত্ব প্রদান করেন।

০২। অতঃপর অদ্যকার সভার সদস্য সচিব জনাব মোঃ মাইদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়। সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশ গ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ	বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ
০১	ওয়েব পোর্টাল হালনাগাদ	বিভিন্ন সরকারি দপ্তর এবং ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল যথাযথভাবে হালনাগাদ করার জন্য সকল দপ্তর প্রধানগণের সাথে বিস্তারিত আলোচনা করা হয় এবং সহকারী প্রোগ্রামারকে সার্বিক কারিগরি সহযোগিতা/পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হয়।	দপ্তর প্রধান(সকল) ইউপি চেয়ারম্যান(সকল) সহকারী প্রোগ্রামার
০২	শেখ রাসেল ডিজিটাল ল্যাব	সহকারী প্রোগ্রামার জানান, তিনি মে ২০২৪ মাসে ০৩ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করেন। শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ নিয়মিত পরিদর্শন ও মনিটরিং এর মাধ্যমে ল্যাবের সঠিক ব্যবহার নিশ্চিত করা দরকার মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার প্রতিষ্ঠান প্রধান (ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান)
০৩	শেখ রাসেল পদক ২০২৪ এর আবেদন আহ্বান	শেখ রাসেল পদক ২০২৪ এর অনলাইন আবেদন এর সময়সীমা ১ এপ্রিল ২০২৪ থেকে ১৫ মে ২০২৪ পর্যন্ত নির্ধারিত ছিল। চিরিরবন্দর উপজেলায় মোট ৪৭ টি আবেদন জমা পড়ে। উল্লেখ্য যে, এসকল আবেদন কেন্দ্রীয়ভাবে যাচাই বাছাই করা হবে এবং আগামী ১৮ অক্টোবর বিজয়ীদের শেখ রাসেল পদক ২০২৪ প্রদান করা হবে।	সংশ্লিষ্ট (সকল)
০৪	জয় স্টেট সেন্টার	চিরিরবন্দর উপজেলার জয় স্টেট সেন্টার নির্মানের কাজ জানুয়ারী ২০২৪ থেকে শুরু হয়। বর্তমানে ছাদের অর্ধেক অংশের ঢালাই কাজ সম্পন্ন হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে জয় স্টেট সেন্টার নির্মান কাজ সম্পন্ন করা এবং কাজের গুনগত মান যাচাই এর জন্য উপজেলা মনিটরিং কমিটি কে সঠিকভাবে তদারকি করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মনিটরিং কমিটি

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 এ কে এম শরীফুল হক  
 উপজেলা নির্বাহী অফিসার  
 ৩০/০৫  
 ২০২৪

ও  
 সভাপতি, উপজেলা আইসিটি কমিটি  
 চিরিরবন্দর, দিনাজপুর


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়, চিরিরবন্দর, দিনাজপুর  
www.doict.chirirbandar.gov.bd

স্মারক নং-৫৬.০৪.২৭৩০.০০০.০৬.০০১.২৪.৪৮/১(৭)

তারিখঃ ০২ জুন ২০২৪ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। . . . . . মাননীয় সভাপতি/সদস্য , ডাক , টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি ।
- ২। মাননীয় জাতীয় সংসদ সদস্য ৯, দিনাজপুর-৪ ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি , চিরিরবন্দর, দিনাজপুর।
- ৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ।
- ৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর ।
- ৫। চেয়ারম্যান(ভারপ্রাপ্ত) , উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি , চিরিরবন্দর, দিনাজপুর।
- ৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, দিনাজপুর।
- ৭। . . . . . সদস্য (সকল), উপজেলা আইসিটি কমিটি , চিরিরবন্দর, দিনাজপুর।



(মোঃ মাইদুল ইসলাম)  
সহকারী প্রোগ্রামার

ও

সদস্য সচিব, উপজেলা আইসিটি কমিটি  
চিরিরবন্দর, দিনাজপুর ।